

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৫৩.২০১৪-

তারিখঃ ৩০/৭/১৮

আদেশ

যেহেতু, জনাব মোঃ শাহ তাজুল করিম, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর যুব উন্নয়ন অধিদপ্তর, ঘোড়াঘাট, দিনাজপুর কর্তৃক পূর্ববর্তী কর্মস্থল রংপুর জেলাধীন পীরগঞ্জ উপজেলা কার্যালয়ে কর্মকালীন(০৯-৭-২০০৭ খ্রিঃ হতে ১৬-৮-২০১৫ খ্রিঃ পর্যন্ত) যুব ঋণের হিসাব পরিচালনা সংক্রান্ত দু'টি ব্যাংকের শাখা হতে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার স্বাক্ষর জাল করে মোট ১০,৪০,৭০০/- (দশ লক্ষ চল্লিশ হাজার সাতশত) টাকা উত্তোলনপূর্বক আত্মসাতের বিষয়টি উদঘাটিত হলে ৬,২৩,২০০/- (ছয় লক্ষ তেইশ হাজার দুইশত) টাকা ব্যাংকে জমাদান, অবশিষ্ট ৪,১৭,৫০০/- (চার লক্ষ সতের হাজার পাঁচশত) টাকা এখনো ব্যাংকে জমা না দেয়া এবং ব্যাংক কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল মোহর জাল করে মাসিক প্রতিবেদন এবং ব্যাংক স্থিতিপত্র প্রস্তুতের অভিযোগে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক অত্র দপ্তরের ১৬-৯-২০১৫ খ্রিঃ তারিখের ২৯৬ সংখ্যক স্মারকে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু করা হয়;

০২। যেহেতু, তিনি উক্ত মামলায় আনীত অভিযোগের বিষয়ে লিখিতভাবে জবাব দাখিল করেন। জবাবে ব্যক্তিগত সুনামী প্রার্থনা না করায় ব্যক্তিগত সুনামী গ্রহণ করা হয়নি।

০৩। যেহেতু, বিভাগীয় মামলার নথি পর্যালোচনায় অভিযোগসমূহের তদন্ত হওয়ার প্রয়োজন অনুভূত হওয়ায় বিধি মোতাবেক বিভাগীয় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। সে মোতাবেক তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন। প্রাপ্ত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমানিত মর্মে উল্লেখ থাকায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩)(ডি) ধারার বিধান মতে তাকে চাকুরী হতে বরখাস্ত(Dismissal from Service) দণ্ডারোপের প্রস্তাবনাপূর্বক অত্র দপ্তরের ০৭-১০-২০১৫ খ্রিঃ তারিখের ৩৭৫ সংখ্যক পত্রে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ দেয়া হয়। তিনি দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন। জবাবে আত্মসাতের কথা স্বীকার করেন এবং আরও ৭৭,০০০/- টাকা জমা প্রদান করেন মর্মে জানান। অবশিষ্ট ৩,৪০,৫০০/- টাকা জমা প্রদানের জন্য ফেব্রুয়ারী ২০১৬ মাস পর্যন্ত সময় প্রার্থনা করলে তাকে যথারীতি তার প্রার্থিত সময় মঞ্জুর দেয়া হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রেরিত প্রতিবেদনে উল্লেখ করা হয় যে, তিনি উক্ত সময়ের মধ্যে মাত্র ২১,০০০/- টাকা জমা প্রদান করেন। বর্তমানে তার নিকট আত্মসাতকৃত অবশিষ্ট ১০,৪০,৭০০-(৬,২৩,২০০+৭৭,০০০+ ২১,০০০)=৩,১৯,৫০০/- টাকা তিনি কবে জমা করবেন কিংবা সময় চান কিনা, সে বিষয়ে তার নিকট হতে কোন পদক্ষেপ নেই। এমতাবস্থায় অবশিষ্ট টাকা জমাদানের বিষয়টি তার মর্জির উপর ছেড়ে দেয়া যায় না।

০৪। যেহেতু, তার লিখিত জবাব, তদন্ত প্রতিবেদনে অভিযোগ প্রমানিত হওয়া, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশে তার টাকা আত্মসাতের কথা স্বীকার এবং নথিপত্র পর্যালোচনায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমানিত হওয়ায় উক্ত অভিযোগে তাকে দোষী সাব্যস্ত করা হলো।

০৫। এক্ষণে, সেহেতু সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(ই) ধারার বিধান মতে তার বেতন বর্তমান টাইস্কেলের প্রারম্ভিক ধাপে পরবর্তী ০২(দুই) বছরের জন্য অবনমিতকরণ দণ্ডে দণ্ডিত করা হলো এবং আত্মসাতকৃত অবশিষ্ট ৩,১৯,৫০০/- (তিন লক্ষ উনিশ হাজার পাঁচশত) টাকা প্রতিমাসে তার মূল বেতনের ১/৩ (এক তৃতীয়াংশ হারে) হারে কর্তনপূর্বক পীরগঞ্জ, রংপুর কার্যালয়ের সংশ্লিষ্ট খাতে জমাদানের নির্দেশ দেয়া হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন : ৯৫৫৯৩৮৯

তারিখঃ ৩০/৭/১৮

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৫৩.২০১৪-

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। পরিচালক(মাঃ বিঃ ও ঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। আদেশটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রংপুর/দিনাজপুর।
- ০৪। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, পীরগঞ্জ, রংপুর/ঘোড়াঘাট, দিনাজপুর।
- ০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ঘোড়াঘাট, দিনাজপুর-কে অভিযুক্তের বিরুদ্ধে আরোপিত শাস্তি তার চাকুরি বহিতে লাল কালিতে লিপিবদ্ধ করতে এবং পত্রের নির্দেশনা বাস্তবায়নে অনুরোধ করা হলো।
- ০৭। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, পীরগঞ্জ, রংপুর। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ঘোড়াঘাট, দিনাজপুর-এর সাথে যোগাযোগপূর্বক বর্ণিত টাকা সংশ্লিষ্ট খাতে জমার ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৮। জনাব মোঃ শাহ তাজুল করিম, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, উন্নয়ন অধিদপ্তর, ঘোড়াঘাট, দিনাজপুর।
- ০৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১০। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক(শৃঙ্খলা)
ফোন : ৯৫৫১৮৫৯